You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8909 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।

৬

পারিবারিক নির্যাতন
(ডমেস্টিক ভায়োলেন্স)

Domestic violence
– Bengali translation

gateway
housing association

পারিবারিক নির্যাতন (ডমেস্টিক ভায়োলেন্স) কি?

সাধারণত পারিবারিক গন্ডিতে যখন কেউ কারো সাথে দুঃব্যবহার করে কিংবা কেউ কাউকে আক্রমন করে তখন তাকে ডমেস্টিক ভায়োলেন্স বলে। অধিকাংশ ক্ষেত্রে নারীরাই এর শিকার হন। প্রতি ৪ জনের মধ্যে ১ জন নারী তাদের জিবনে ডমেস্টিক ভায়োলেন্সের শিকার হন (www.refuge.co.uk ওয়েবসাইট থেকে সংগৃহীত)।

ডমেস্টিক ভায়োলেন্স শারীরিক, মানসিক, সেক্সুয়াল, আর্থিক কিংবা এর সংমিশ্রণ হতে পারে এবং গোত্র, বয়স, বর্ণ ও কৃষ্টি নির্বিশেষে মানুষ এর দ্বারা প্রভাবিত হতে পারে।

নারী কর্তৃক পুরুষ সঙ্গীরাও ডমেস্টিক ভায়োলেন্সের শিকার হতে পারেন এবং গে ও লেজবিয়াদের মধ্যেও এই বিবাধ সৃষ্টি হতে পারে। অন্য কোন পরিবারের সদস্য দ্বারাও এটি সংগঠিত হতে পারে।

ডমেস্টিক ভায়োলেন্স হচ্ছে একটি অপরাধ

ডমেস্টিক ভায়োলেন্সের শিকার হওয়া আপনার অপরাধ না। আপনি কাউকে দিয়ে নিজেকে আঘাত করাতে পারেন না, দুঃব্যবহার কিংবা অপমান করাতে পারেন না - এটা তাদের ইচ্ছা এবং এরজন্য কেবল তারাই দায়ী। মদ খাওয়া কিংবা মাদক সেবন করা কোন কারন হতে পারে না।

আপনার সুরক্ষার জন্য এবং আপনার বাড়ি নিরাপদ করা কিংবা নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করার জন্য আমরা পুলিশ এবং অন্যান্য এজেন্সির সাথে একত্রে কাজ করব।

আপনি যদি পারিবারিক কলহের শিকার হন

আপনি (অথবা আপনার জানামতে অন্য কেউ) যদি পারিবারিক কলহের শিকার হন এবং আপনি যদি গেটওয়ের বাসিন্দা হন তাহলে দয়াকরে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সাহায্য করতে পারি।

আপনি যদি ডমেস্টিক ভায়োলেন্স সংক্রান্ত ব্যাপারে আমাদের সাথে যোগাযোগ করেন

ডমেস্টিক ভায়োলেন্স সংক্রান্ত ব্যাপারে আমাদের সাথে যোগাযোগ করলে আমরা যা করব তাহলো:

- একজন অফিসারের সাথে একান্ত সাক্ষাৎকারের জন্য আপনাকে ডাকা হবে এবং আপনি চাইলে পুরুষের জন্য পুরুষ ও মহিলাদের জন্য মহিলা অফিসারের ব্যবস্থা করা হবে। আমাদের অফিসে আসার জন্য কোন এ্যাপয়েন্টমেন্টের দরকার নেই, তবে কারো সাথে একান্তে কথা বলার জন্য সাক্ষাৎকারের কক্ষ না পাওয়া পর্যন্ত আপনার অপেক্ষা করা লাগতে পারে;

- নিন্মোক্ত বিষয়ে পরামর্শ দেয়ার জন্য ২৪ ঘন্টার মধ্যে (যত তাড়াতাড়ি আপনি আমাদের সাথে দেখা করতে পারেন) আপনার সাথে আমাদের অফিসে কিংবা আপনার বাসায় দেখা করা হবে:
  - হাউজিং অপশন
  - নিরাপত্তা ব্যাবস্থা
  - পুলিশের অংশগ্রহণ এবং
  - আপনার প্রয়োজনীয় অন্য সাহায্য সহোযোগিতা।

আমরা কিভাবে আপনাকে সাহায্য করতে পারি?

আমরা যা করব তাহলো:

- আপনাকে পরামর্শ দেব এবং বিশেষজ্ঞ প্রতিষ্ঠানের কাছে নিয়ে যাব যারা আপনাকে সাহায্য করতে পারে (টেলিফোন নম্বর বা ইমেইল ঠিকানা প্রদানসহ)।

- জরুরী বাসস্থানের ব্যাপারে পরামর্শ প্রদান করব;

- টেন্যান্সির ব্যাপারে আপনাকে পরামর্শ দেব; এবং

- কমন হাউজিং রেজিস্টারে (আপনার কাউন্সিল হাউজিং ওয়েটিং লিস্ট) আবেদনকারীদের মধ্যে যারা ডমেস্টিক ভায়োলেন্সের শিকার তাদের অগ্রাধিকার দেয়ার জন্য স্থানীয় কর্তৃপক্ষকে বলব।

তথ্য, সমান অধিকার ও গোপনীয়তা

আমরা যা করব তাহলো:

- কোন পদক্ষেপ নেয়া হলে তাতে আপনাকে জড়িত করা হবে এবং জানানো হবে;

- ডমেস্টিক ভায়োলেন্স সংক্রান্ত তালিকাভুক্ত কেসগুলো গোপন রাখা হবে;

- আমাদের ইকুয়্যালিটি এবং ডাইভারসিটি পলিসি অনুযায়ী সবাইকে সমান বিবেচনা করা হবে; এবং

- আপনার সিদ্ধান্তকে গুরুত্ব দেয়া হবে।

ডমেস্টিক ভায়োলেন্স সংক্রান্ত তালিকভুক্ত কেসগুলো দ্রুত ও সংবেদনশীলতারসাথে নিষ্পত্তির ব্যাপারে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।

আরো তথ্য

এ সংক্রান্ত আরো তথ্য ও পরামর্শ পাওয়া যাবে:

- **২৪ ঘন্টা ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স হেল্পলাইনের ফ্রিফোন ০৮০৮ ২০০০ ২৪৭ নম্বরে।** তারা গোপনীয় পরামর্শ ও সহোযোগিতা প্রদান করবেন। এছাড়াও তারা কৃষ্টি (কালচার) সংক্রান্ত সুনির্দিষ্ট সহোযোগিতা ও অনুবাদ সেবা প্রদান করেন।

- **ওমেন'স ট্রাস্ট ইষ্টের ০২০ ৮৫২২ ৭৮৫৬ নম্বরে।** তারা ইষ্ট লন্ডনের নারীদের জন্য বিনামূল্যে গোপন পরামর্শ ও সহোযোগিতা প্রদান করেন।

- www.refuge.org.uk or www.womensaid.org.uk

মনেরাখবেন, ডমেস্টিক ভায়োলেন্স হচ্ছে একটি অপরাধ। জরুরী প্রয়োজনে সবসময় ৯৯৯ নম্বরে ফোন করুন। আপনি যদি আমাদরে কারো সাথে গোপনে কথা বলতে চান তাহলে অনুগ্রহ করে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন এবং আপনার হাউজিং অফিসারের সাথে কথা বলুন। আপনার হাউজিং অফিসারকে পাওয়া না গেলে আমরা অন্য কাউকে ব্যবস্থা করব।